# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৫০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইমামের জন্য মুস্তাহাব হলো যখন আল্লাহর কাছে বৃষ্টি প্রার্থনার সালাত আদায় করবে, তখন দু'আ কবূল হওয়ার আশায় সাথে সৎকর্মশীল ব্যক্তিদের নিবেন

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْإِمَامِ إِذَا أَرَادَ الِاسْتِسْقَاءَ أَنْ يَسْتَسْقِيَ اللَّهَ بِالصَّالِحِينَ رَجَاءَ اسْتِجَابَةِ الدُّعَاءِ لذلك

---

আরবী

2850 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا الْأَنْصَارِيُّ قَالَ: حَدَّثَنِي أَبِي عَنْ ثُمَامَةَ عَنِ أَنَسٍ قَالَ: كَانُوا إِذَا قَحطُوا عَلَى عَهْدِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اسْتَسْقَوْا بِالنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَيَسْتَسْقِي لَهُمْ فيُسقَون فَلَمَّا كَانَ بَعْدَ وَفَاةِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فِي إِمَارَةِ عُمَرَ ـ قَحطُوا فَخَرَجَ عُمَرُ بِالْعَبَّاسِ يَسْتَسْقِي بِهِ فَقَالَ: اللَّهُمَّ إِنَّا كُنَّا إِذَا قَحطْنَا عَلَى عَهْدِ نَبِيِّكَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاسْتَسْقُينا بِهِ فَسَقَيْتَنَا وَأَنَا نَتَوَسَّلُ إِلَيْكَ الْيَوْمَ بِعَمِّ نَبِيِّكَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فاسقنا قال: فسقوا.

الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2850 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (672): خ.

বাংলা

২৮৫০. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সময়কালে অনাবৃষ্টি হলে তারা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মাধ্যমে পানি প্রার্থনা করতেন। অতঃপর তাদেরকে তাঁর মাধ্যমে তাদেরকে পানি পান করানো হতো। অতঃপর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ওফাতের পর উমার রাদ্বিয়াল্লাহু আনহুর শাসনামলে অনাবৃষ্টি হলে উমার রাদ্বিয়াল্লাহু আনহু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুকে সাথে নিয়ে ময়দানে বের হয়ে তাঁর মাধ্যমে পানি প্রার্থনা করতেন। তিনি বলতেন, اللَّهُمَّ إِنَّا كُنَّا إِذَا قَحطْنَا عَلَى عَهْدِ نَبِيِّكَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاسْتَسْقُينا بِهِ فَسَقَيْتَنَا وَأَنَا نَتَوَسَّلُ إِلَيْكَ الْيَوْمَ بِعَمِّ نَبِيِّكَ

صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فاسقنا (হে আল্লাহ, যখন আমরা আপনার নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সময়কালে অনাবৃষ্টি হতো, তখন আমরা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মাধ্যমে পানি প্রার্থনা করতাম। অতঃপর আমি আমাদেরকে পানি দান করেছেন। আর এখন আমরা আপনার নাবীর চাচার মাধ্যমে আপনার কাছে পানি প্রার্থনা করছি। কাজেই আপনি আমাদেরকে পানি দান করুন)।”

রাবী বলেন, “অতঃপর তাদেরকে পানি দান করা হয়।”[1]

## ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১০১০; বাগাবী: ১১৬৫; সহীহ ইবনু খুযাইমাহ: ১৪২১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৬৭২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92180

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন